বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
ঋণ আদায় বিভাগ।
www. krishibank.org.bd , Email: dgmrecovery@krishibank.org.bd

পরিবেশ বান্ধব ব্যাংকিং করুন
ফোনঃ ০২- ৯৫৬৩১৬৫

নং -প্রকা/আদায়-১(৫৮)/মনিটরিং/২০১৬-২০১৭/ ৮৬৫ (১২০০) তারিখঃ ০৩-০৫-২০১৭ খ্রিঃ

মহাব্যবস্থাপক
স্থানীয় মুখ্য কার্যালয়/বিভাগীয় কার্যালয়সমূহ
উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ ৫২-স্থগিত সুদ আয় খাতে স্থানান্তর এবং অবলোপনকৃত ঋণ আদায় পুনঃনির্ধারিত লক্ষ্যমাত্রার ১০০% অর্জন নিশ্চিতকরণ প্রসংগে।

প্রিয় মহোদয়,

ব্যাংকের আয় বৃদ্ধি এবং লোকসান হ্রাসের লক্ষ্যে অগ্রাধিকার ভিত্তিতে অধিক পরিমাণে অবলোপনকৃত ঋণ হতে আদায় এবং ৫২-স্থগিত সুদযুক্ত শ্রেণীকৃত ও পুনঃতফসিলিকৃত ঋণ আদায়পূর্বক ৫২-স্থগিত সুদ আয় খাতে স্থানান্তরের কার্যকর ব্যবস্থা গ্রহণ করা একান্ত আবশ্যক। এ লক্ষ্যে ৩০-০৪-২০১৭ হতে ৩০-০৬-২০১৭ পর্যন্ত স্থানীয় মুখ্য কার্যালয় ও বিভাগওয়ারী অবলোপনকৃত ঋণ আদায় এবং ৫২-স্থগিত সুদ আয় খাতে স্থানান্তরের লক্ষ্যমাত্রা নিম্নোক্তভাবে পুনঃনির্ধারণ করা হলোঃ (কোটি টাকায়)

ক্রঃ নং	বিভাগের নাম	৩০-০৪-২০১৭ হতে ৩০-০৬-২০১৭ পর্যন্ত অবলোপনকৃত ঋণ আদায়ের পুনঃনির্ধারিত লক্ষ্যমাত্রা	৫২-স্থগিত সুদ আয় খাতে স্থানান্তরের পুনঃনির্ধারিত লক্ষ্যমাত্রা	
			২৭-০৪-২০১৭ পর্যন্ত নগদ আদায়	৩০-০৪-২০১৭ হতে ৩০-০৬-২০১৭ পর্যন্ত পুনঃনির্ধারিত লক্ষ্যমাত্রা
১	২	৩	৪	৫
০১	ঢাকা	১৯.০০	২৪.৪৫	৫৮.০০
০২	ময়মনসিংহ	২.১৫	২৫.২৬	৩৮.০০
০৩	চট্টগ্রাম	৫.০০	২২.৩৯	১৪.০০
০৪	কুমিল্লা	২.৮০	২১.০৯	২৬.০০
০৫	সিলেট	১.৭০	৬.২৯	১৩.৫০
০৬	খুলনা	৬.৬৫	৫.৮৬	১৭.০০
০৭	কুষ্টিয়া	০.৬৫	৭.৯৪	৬.৫০
০৮	বরিশাল	২.১৭	৯.৩৭	৯.০০
০৯	ফরিদপুর	০.৮৫	৪.৬৫	৩.০০
১০	এলপিও	০.৮৮	৬৩.৫৯	১৫.০০
	সর্বমোট ঃ	৪১.৮৫	১৯০.৮৯	২০০.০০

বিভাগীয় কার্যালয়সমূহ উপরোক্ত পুনঃনির্ধারিত লক্ষ্যমাত্রা বিভাগাধীন কর্পোরেট শাখা/অঞ্চলসমূহের মধ্যে বন্টণ করে দিবে। অনুরূপভাবে, মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়সমূহ বিভাগীয় কার্যালয় হতে প্রাপ্ত পুনঃনির্ধারিত লক্ষ্যমাত্রা অঞ্চলাধীন শাখাসমূহের মধ্যে বন্টণ করে দিবে।

০২। ৩০-০৪-২০১৭ হতে ৩০-০৬-২০১৭ তারিখ পর্যন্ত পুনঃনির্ধারিত অবলোপনকৃত ঋণ আদায় এবং ৫২-স্থগিত সুদ আয় খাতে স্থানান্তর লক্ষ্যমাত্রা অর্জনের অগ্রগতি প্রধান কার্যালয় কর্তৃক নিয়মিতভাবে মনিটরিং করা হবে। উক্ত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে কোনরূপ অবহেলা ও অমনোযোগীতা বরদাস্ত করা হবে না।

০৩। উপর্যুক্ত অবস্থায়, সব ধরনের কলাকৌশল/পদক্ষেপ গ্রহণের মাধ্যমে ৩০-০৬-২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে অবলোপনকৃত ঋণ আদায় এবং ৫২-স্থগিত সুদ আয় খাতে স্থানান্তরের উপরোক্ত পুনঃনির্ধারিত লক্ষ্যমাত্রা ১০০% অর্জন নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। স্বীয় দায়িত্ব ও কর্তব্য পালনে অবহেলা,গাফিলতি ও অমনোযোগীতার কারণে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থতার বিষয়টি কঠোরভাবে মূল্যায়ণ করা হবে।

বিষয়টি অতীব জরুরী ও সর্বাধিক গুরুত্বপূর্ন।

আপনার বিশ্বস্ত,
(মুহম্মদ আউয়াল খান) ৩/৫/১৭
ব্যবস্থাপনা পরিচালক

নং -প্রকা/আদায়-১(৫৮)মনিটরিং/২০১৬-২০১৭/ ৮৬৫(১২০০) তারিখ : ০৩-০৫-২০১৭ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (ই-মেইলযোগে)ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়গণের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
০৪। সচিব,পর্ষদ সচিবালয়/সকল উপ-মহাব্যবস্থাপক,বিকেবি,প্রকা/স্টাফ কলেজ,ঢাকা। অত্র নির্দেশনামূলক পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি (সিস্টেমস্) বিভাগকে অনুরোধ করা হলো।
০৫। কর্পোরেট শাখা/অঞ্চল/শাখাসমূহের সার্বিক কার্যক্রম মনিটরিং এর দায়িত্বে নিয়োজিত সকল প্রমোটারবৃন্দ, বিকেবি, প্রকা, ঢাকা।
০৬। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক(মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।
০৭। নথি/ মহানথি।

০৩/৫/২০১৭
(ডাঃ মোঃ নুর সাঈদ)
সহকারী মহাব্যবস্থাপক